**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৭৭/২০১৭-১৮**

**ঢাকা, রোববার, ১১ মার্চ ২০১৮, ২৭ ফাল্গুন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দিল্লিতে সোলার সামিটে আজ ভাষণ দেবেন রাষ্ট্রপতি

২। খেলাধুলার মাধ্যমে মাদক-জঙ্গি-সন্ত্রাসবাদ মোকাবিলা করতে হবে : যুব গেমস উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

৩। প্রধানমন্ত্রী আজ সিঙ্গাপুর যাচ্ছেন

৪। অসামান্য পাঠকনন্দিত বই হিসেবে পুরস্কার পেল বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী'

৫। ন্যায়বিচার প্রতিষ্ঠায় রাষ্ট্রের তিনটি অঙ্গকে সম্মিলিতভাবে কাজ করতে হবে : স্পিকার

৬। পদ্মা সেতু ও পায়রা বন্দরে শক্তিশালী হবে দক্ষিণাঞ্চল :
বরিশালে এসএমই পণ্য মেলার উদ্বোধন অনুষ্ঠানে শিল্পমন্ত্রী

৭। নতুন নিয়োগপ্রাপ্ত চিকিৎসকদের ৩ বছর উপজেলায় থাকতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

৮। শ্রীলঙ্কার বিপক্ষে ইতিহাস গড়ে জয়লাভ করল বাংলাদেশ ক্রিকেট দল

চলমান পাতা=২

১। **দিল্লিতে সোলার সামিটে আজ ভাষণ দেবেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ গতকাল (১০ মার্চ শনিবার) ভারতের রাজধানী নয়াদিল্লিতে পৌঁছেছেন। তিনি আজ রোববার সকালে 'ফাউন্ডিং কনফারেন্স অব দ্য ইন্টারন্যাশনাল সোলার অ্যালায়েন্স (আইএসএ) অ্যান্ড সোলার সামিট-২০১৮' এর পূর্ণাঙ্গ অধিবেশনে ভাষণ দেবেন। এ শীর্ষ সম্মেলনে অংশ নেওয়ার জন্য বর্তমানে চার দিনের সরকারি সফরে ভারতে রয়েছেন তিনি। সম্মেলনে বাংলাদেশের রাষ্ট্রপতিসহ ২৩টি দেশের রাষ্ট্র ও সরকার প্রধানগণ এবং মন্ত্রী পর্যায়ের নয়জন প্রতিনিধি অংশ নেবেন বলে আশা করা হচ্ছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৬)।

২। **খেলাধুলার মাধ্যমে মাদক-জঙ্গি-সন্ত্রাসবাদ মোকাবিলা করতে হবে : যুব গেমস উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, খেলাধুলার মধ্য দিয়ে মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ মোকাবিলা করতে হবে। তিনি বলেন, খেলাধুলা একটা মানুষের জীবনকে সুন্দরভাবে গড়ে তুলতে পারে। সুস্থ-সবল দেহ-মন এবং দেশ ও জাতির প্রতি ভালবাসা তৈরিতে খেলাধুলা একান্তভাবে প্রয়োজন। গতকাল (১০ মার্চ শনিবার) রাতে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বাংলাদেশ যুব গেমস-২০১৮'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। দেশে প্রথমবারের মতো আয়োজিত যুব গেমস প্রত্যন্ত অঞ্চলের সুপ্ত প্রতিভাকে উদ্ভাসিত এবং খেলাধুলার প্রতি সাধারণ মানুষের আগ্রহ বাড়াবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

৩। **প্রধানমন্ত্রী আজ সিঙ্গাপুর যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়েন লুংয়ের আমন্ত্রণে আজ চার দিনের সফরে সিঙ্গাপুরে যাচ্ছেন। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট প্রধানমন্ত্রীকে নিয়ে সকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে স্থানীয় সময় ২টা ৪৫ এ সিঙ্গাপুরের চাঙ্গি বিমানবন্দরে পৌঁছাবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

৪। **অসামান্য পাঠকনন্দিত বই হিসেবে পুরস্কার পেল বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী'**

অসামান্য পাঠকনন্দিত বই হিসেবে পুরস্কৃত হলো বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী'। বইটির প্রকাশনা প্রতিষ্ঠান ইউনিভার্সিটি প্রেস লিমিটেডের (ইউপিএল) ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ পুরস্কার দেওয়া হয়। গতকাল (১০ মার্চ শনিবার) বাংলা একাডেমির আব্দুল করিম সাহিত্যবিশারদ মিলনায়তনে ইউপিএল এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.৬)।

৫। **ন্যায়বিচার প্রতিষ্ঠায় রাষ্ট্রের তিনটি অঙ্গকে সম্মিলিতভাবে কাজ করতে হবে : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, রাজনৈতিক, আর্থসামাজিক সাম্য এবং ন্যায়বিচারসহ মৌলিক মানবাধিকার নিশ্চিত করতে রাষ্ট্রের তিন অঙ্গ, নির্বাহী, আইনসভা ও বিচার বিভাগকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। গতকাল (১০ মার্চ শনিবার) রাজধানীর বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে বাংলাদেশ মহিলা জজ অ্যাসোসিয়েশন আয়োজিত নবনিযুক্ত প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.২)।

**৬।　পদ্মা সেতু ও পায়রা বন্দরে শক্তিশালী হবে দক্ষিণাঞ্চল :**
**বরিশালে এসএমই পণ্য মেলার উদ্বোধন অনুষ্ঠানে শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, পদ্মা সেতু ও পায়রা বন্দরের নির্মাণকাজ সম্পন্ন হলে দক্ষিণাঞ্চল দেশের শক্তিশালী অর্থনৈতিক ও বাণিজ্যিক অঞ্চলে পরিণত হবে। গতকাল (১০ মার্চ শনিবার) বরিশাল নগরীর বঙ্গবন্ধু উদ্যানে সপ্তাহব্যাপী এসএমই পণ্য মেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী বলেন, বিসিক শিল্পনগরীকে আধুনিকায়ন করার লক্ষ্যে ইতিমধ্যে প্রধানমন্ত্রী ৫৩ কোটি টাকা বরাদ্দ দিয়েছেন। এ শিল্পনগরীতে কয়েকশ' মানুষের কর্মসংস্থান হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.৭,ক.৫)।

**৭।　নতুন নিয়োগপ্রাপ্ত চিকিৎসকদের ৩ বছর উপজেলায় থাকতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, স্বাস্থ্যখাতে নতুন নিয়োগপ্রাপ্ত চিকিৎসক ও নার্সদের তিন বছর অবশ্যই উপজেলায় থাকতে হবে। গতকাল (১০ মার্চ শনিবার) রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে সোসাইটি অব নিউরোসার্জন আয়োজিত আন্তর্জাতিক বৈজ্ঞানিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, আগামী দুই থেকে তিন মাসের মধ্যে স্বাস্থ্যখাতে পাঁচ হাজার নতুন চিকিৎসক নিয়োগ দেওয়া হবে। এছাড়া আগামী নির্বাচনের আগে আরও পাঁচ হাজার চিকিৎসক নিয়োগ দেওয়া হবে। একইসঙ্গে নার্স নিয়োগের বিষয়টিও প্রক্রিয়াধীন রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৫,ক.১)।

**৮।　শ্রীলঙ্কার বিপক্ষে ইতিহাস গড়ে জয়লাভ করল বাংলাদেশ ক্রিকেট দল**

গতকাল (১০ মার্চ শনিবার) ত্রিদেশীয় টি ২০ সিরিজ নিদাহাস ট্রফির তৃতীয় ম্যাচে ছয় উইকেটে শ্রীলংকার গড়া ২১৪ রানের বিপরীতে বাংলাদেশ পাঁচ উইকেটে জয়লাভ করেছে। ৩৫ বলে ৭২ রানের ক্যারিয়ার সেরা ইনিংস খেলে দুই বল বাকি থাকতেই বাংলাদেশকে টি ২০তে নিজেদের সেরা জয়টি এনে দিয়েছেন মুশফিকুর রহিম। যে জয়ের ভিত গড়ে দিয়েছিলেন দুই ওপেনার লিটন দাস (৪৩) ও তামিম ইকবাল (৪৭)। টি ২০তে এই প্রথম দুইশ'র সীমানা অতিক্রম করল বাংলাদেশ। শুধু নিজেদের নতুন রেকর্ড নয়, বাংলাদেশ ক্রিকেট দল পৌঁছে গেল এক নতুন উচ্চতায়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতিহাস গড়া এ জয়ে বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন। তিনি এক অভিনন্দন বার্তায় এ সাফল্যের জন্য বাংলাদেশ দলের খেলোয়াড়দের ধন্যবাদ জানান। তিনি আশা করেন, বাংলাদেশ ক্রিকেট দল বিজয়ের এ ধারাবাহিকতা অব্যাহত রাখবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

**ক.**　**যুগান্তর :** মাদকের বিরুদ্ধে সর্বাত্মক প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**খ.**　**ভোরের কাগজ :** ২০৪১ সালের মধ্যে দেশকে একটি উন্নত দেশ হিসেবে গড়ে তুলতে নারী-পুরুষকে সমানভাবে উন্নয়নের লক্ষ্যে যাত্রা করতে হবে বলে মতপ্রকাশ।

**গ.**　**সমকাল** : বিজিবি ও বিএসএফ কর্তৃক বাংলাদেশের যশোর ও ভারতের বনগাঁ এলাকায় আট কিলোমিটার সীমান্তরেখা যৌথভাবে অপরাধমুক্ত অঞ্চল ঘোষণাকে স্বাগত জানিয়ে এ ধরনের উদ্যোগ সমস্ত সীমানাজুড়ে সম্প্রসারিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঘ.**　**ইত্তেফাক** : সরকার কক্সবাজারের মহেশখালীতে ডিজিটাল আইল্যান্ড নামে প্রকল্প গ্রহণ করায় দ্বীপটির সম্ভাবনার দুয়ার খুলে গিয়েছে উল্লেখ করে উন্নয়নের এ মডেল বঙ্গোপসাগরের অন্যান্য দ্বীপাঞ্চলেও সমানভাবে ছড়িয়ে দেওয়ার সুপারিশ।

ঙ. **জনকণ্ঠ :** ঢাকাতে জনসংখ্যার তুলনায় বিনোদনকেন্দ্রের ঘাটতি রয়েছে উল্লেখ করে নতুন নতুন আইডিয়া নিয়ে বিনোদনকেন্দ্র স্থাপনে এগিয়ে আসার আহ্বান।

চ. **যায়যায়দিন :** ভেজাল ও বিষাক্ত খাদ্য গ্রহণের ফলে মানবদেহে বাসা বাঁধছে নানা অনিরাময়যোগ্য রোগ উল্লেখ করে ভেজালকারী ব্যবসায়ীদের সর্বোচ্চ শাস্তি দেওয়ার দাবি।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের উত্তর ও দক্ষিণাঞ্চলের জেলাগুলোতে সৌরবিদ্যুতের মাধ্যমে সেচপাম্প চালানোর খবরে স্বস্তি প্রকাশ করে সারাদেশে এ ধরনের কার্যক্রম চালানোর আহ্বান।

জ. **নিউজ টুডে, এশিয়ান এজ, নিউ এজ :** কর্মস্থল, শিক্ষাক্ষেত্র, যাতায়াত সর্বক্ষেত্রে নারীদের নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নিম্নবিত্তদের জন্য খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা বা তাদের এ ব্যাপারে সুরক্ষা দেওয়ার জন্য সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে চালের সরবরাহ বাড়াতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'তারুণ্যের উত্থান চাই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশের তরুণ-যুবকরাই পারে সকল অনাচারের কবল থেকে দেশকে রক্ষা করতে।

#

শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা